

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৭৩-আইন/২০১৩/৬৭৭-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ এর প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৪২-আইন/২০১২/৬৫৯-মূসক এর মাধ্যমে জারিকৃত বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৬ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, স্বেচ্ছায় নিবন্ধিত ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী বা দোকানের ক্ষেত্রে, নিম্নোক্ত টেবিলে বিধৃতরূপে সর্বনিম্ন বার্ষিক মূল্য সংযোজন কর প্রদেয় হইবে, যথা:-

টেবিল

ক্রমিক নং	যে সকল এলাকার জন্য প্রযোজ্য	সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ	মূল্য সংযোজন করের হার	প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
১	২	৩	৪	৫
১.	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	৮০,০০০/- টাকা	১৫%	১২,০০০/- টাকা
২.	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	৬০,০০০/- টাকা	১৫%	৯,০০০/- টাকা
৩.	জেলা শহরের পৌর এলাকা	৪০,০০০/- টাকা	১৫%	৬,০০০/- টাকা
৪.	দেশের অন্যান্য এলাকা	২০,০০০/- টাকা	১৫%	৩,০০০/- টাকা

(২) বিধি ৭ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) মূসক বিধিমালার বিধৃত ফরম ‘মূসক-১’ বা ‘মূসক-১ক’ বা ‘মূসক-১ঘ’ বা ফরম ‘মূসক-৭’ দাখিল সাপেক্ষে নিবন্ধিত উৎপাদক বা সেবা প্রদানকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ এবং মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, যাহাদের বিস্তারিত ও সুনির্দিষ্ট নাম ও বিবরণ ফরম “মূসক-৭” এ উল্লিখিত থাকুক বা না থাকুক;”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)